

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫

[www.barc.gov.bd](http://www.barc.gov.bd)

## বাংলাদেশ GAP স্কিমওয়ারের Operational Manual প্রণয়ন বিষয়ক কমিটির ২য় সভার কার্যবিবরণী

|          |   |                                                                            |
|----------|---|----------------------------------------------------------------------------|
| সভাপতি   | : | ড. মোঃ আবদুছ ছালাম<br>সদস্য পরিচালক (শস্য) ও<br>আহবায়ক GAP ইউনিট, বিএআরসি |
| স্থান    | : | সভাকক্ষ-২, বিএআরসি                                                         |
| তারিখ    | : | ১২ অক্টোবর ২০২৫                                                            |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'।                                                              |


সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করে তিনি বলেন, বাংলাদেশে GAP বাস্তবায়নে বাংলাদেশ GAP Scheme Owner (SO) এর Operational Manual খুবই জরুরি। তিনি একটি মানসম্মত Operational Manual তৈরির ওপর গুরুত্বারোপ করেন। GAP Scheme Owner এর কার্যক্রম পরিচালনার জন্য এটি প্রণয়ন করা আবশ্যিক। অতঃপর তিনি ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER, এপিসিইউ-বিএআরসিকে Operational Manual প্রণয়ন বিষয়ে আলোচনার আহ্বান জানান। ড. হাসান Operational Manual এর খসড়ার ওপর আলোচনার সূত্রপাত করেন। এ পর্যায়ে জনাব নজির আহম্মদ মিয়া, সম্মানিত সদস্য ও উপপরিচালক (এমসি), বিএসটিআই- প্রাথমিক খসড়ায় কিছু সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সভায় উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা হয়।

### ২.০ সিদ্ধান্ত

সভায় অংশগ্রহণকারীদের মধ্যে উন্মুক্ত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ২.১। বাংলাদেশ GAP স্কিম পরিচালনার নিমিত্ত 'Operation Manual of Bangladesh GAP Scheme Owner' ISO 17067:2013 আলোকে প্রণীত হবে।
- ২.২। Manual-এ ISO গাইডলাইন অনুযায়ী কভার পেজ ও টেবিল অব কন্টেন্ট থাকতে হবে।
- ২.৩। Operational Manual এ Legal and Contractual Matters ও Issue and Amendment Status সহ কিছু নতুন চ্যাপ্টার অন্তর্ভুক্ত করা।
- ২.৪। কমিটি কর্তৃক প্রস্তাবিত ম্যানুয়ালে ISO/IFC 17065:2013 এর গাইডলাইন অনুযায়ী টাইফ ৫ ও ৬ প্রযোজ্য এবং এ অংশটি জনাব নজির আহম্মদ মিয়া প্রণয়ন করবেন।
- ২.৫। ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER, এপিসিইউ-বিএআরসি সভার আলোচনার প্রেক্ষিতে সকল পরামর্শ ও বিষয়াদি সংযোজন করে আগামী ৫ কর্মদিবসের মধ্যে খসড়া ম্যানুয়াল জনাব নজির আহম্মদ মিয়ার নিকট প্রেরণ করবেন।
- ২.৬। কমিটির ৩য় সভা আগামী নভেম্বর মাসের শেষ সপ্তাহে অনুষ্ঠিত হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোঃ আবদুছ ছালাম

সদস্য পরিচালক (শস্য) ও

আহবায়ক GAP ইউনিট, বিএআরসি